BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/২৭২

তারিখ: ১০ অক্টোবর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ASYCUDA World সিস্টেমে রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।

সূত্রঃ কাস্টমস হাউস, ঢাকা এর গণবিজ্ঞপ্তি নং-৫-কাস-১২(০২)শুঃ টিম-১৮/বিবিধ/২০২৫/৩৪(২৫) তারিখঃ ০৭/১০/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। ASYCUDA World সিস্টেমে ইতিমধ্যে IM4, IM7 এর আওতাধীন সকল পর্যায়ের আমদানিকারককের বিপরীতে বিল অব এন্ট্রি দাখিলকালে AIN, BIN ট্যাগিং বাধ্যতামূলক করা হয়েছে। এই প্রক্রিয়া অনুসরণপূর্বক https//bdcams.bdcustoms.gov.bd ব্যবহার করে রপ্তানির লক্ষ্যে রপ্তানিকারকের আবেদনক্রমে সকল পর্যায়ের রপ্তানিকারকের BIN এর বিপরীতে AIN ট্যাগিং আবেদন গ্রহণ, অনুমোদন ও ASYCUDA World ট্যাগিং কার্যক্রম গত ১লা অক্টোবর, ২০২৬ তারিখে শুরু হয়েছে এবং ৩১ অক্টোবর, ২০২৬ তারিখ পর্যন্ত চালু থাকবে। উক্ত সময়ের পর মনোনিত AIN ও BIN ব্যতিত কোন কার্যক্রম সম্পাদন করা যাবে না।

এমতাবস্থায়, কাস্টমস হাউস, ঢাকার সকল রপ্তানিকারকগণকে আগামী ৩১ অক্টোবর, ২০২৬ তারিখের মধ্যে রপ্তানিকারকের BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করে সূত্রোক্ত গণবিজ্ঞপ্তিটি জারী করেছে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে গণবিজ্ঞপ্তিটি সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তিঃ বর্ণনামতে (০১ পাতা)।

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.dch.gov.bd

গণবিজ্ঞপ্তি

বিষয়: ASYCUDA World সিস্টেমে রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম চালুকরণ।
সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং: ০৮.০১.০০০০.০০০.০৬৬.৯৯.০০২১.২১.১৬৩/১(১), তারিখ: ২৩/০৯/২০২৬ খ্রি.।

০২। উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে কাস্টমস হাউস ঢাকার সংশ্লিষ্ট সকল রপ্তানীকারক ও অন্যান্য অংশীজনসহ সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ASYCUDA World সিস্টেমে ইতোমধ্যে IM4, IM7 এর আওতাধীন সকল পর্যায়ের আমদানিকারকের বিপরীতে বিল অব এন্ট্রি দাখিলকালে AIN, BIN ট্যাগিং বাধ্যতামূলক করা হয়েছে। একই প্রক্রিয়া অনুসরণপূর্বক https://bdcams.bdcustoms.gov.bd ব্যবহার করে রপ্তানির লক্ষ্যে রপ্তানিকারকের আবেদনক্রমে সকল পর্যায়ের রপ্তানিকারকের BIN এর বিপরীতে AIN ট্যাগিং আবেদন গ্রহণ, অনুমোদন ও ASYCUDA World সিস্টেমে ট্যাগিং কার্যক্রম চালুর নিমিত্তে সিদ্ধান্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হয়েছে।

০৩। এরই ধারাবাহিকতায় বিগত ১লা অক্টোবর,২০২৬ খ্রিঃ তারিখ হতে https://bdcams.bdcustoms.gov.bd ব্যবহার করে রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা,৩১ অক্টোবর,২০২৬ খ্রি মধ্যে সম্পাদন করতে হবে। উক্ত সময়ের পরে মনোনীত AIN ও BIN ব্যতিত অন্য কোন AIN ও BIN ব্যবহার করে কার্যক্রম সম্পাদন করা যাবে না। এমতাবস্থায়, কাস্টমস হাউস, ঢাকার সকল রপ্তানিকারকগণকে ৩১ অক্টোবর,২০২৬ এর মধ্যে https://bdcams.bdcustoms.gov.bd (BDCAMS) সিস্টেম ব্যবহার করে রপ্তানিকারকের BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গণবিজ্ঞপ্তিটি জারি করা হলো।

//
মোঃ আল আহসান হাবীব
সহকারী কমিশনার (চ:দা:)
কমিশনার এর পক্ষে

নথি নং: ৫-কাস-১২(০২) স: টিম-১৮/ বিবিধ/২০২৩/৮৪(২৫) তারিখ: ০৭/১০/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। রাজস্ব কর্মকর্তা, তত্ত্বাবধায়ন টিম-২৩(রপ্তানি পরীক্ষণ ও রপ্তানি তত্ত্বাবধান), সকল, কাস্টমস হাউস, ঢাকা।
০২। সহকারী রাজস্ব কর্মকর্তা, তত্ত্বাবধায়ন টিম-২৩(রপ্তানি পরীক্ষণ ও রপ্তানি তত্ত্বাবধান), সকল, কাস্টমস হাউস, ঢাকা।
০৩। সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, ঢাকা (কাস্টমস হাউস ঢাকার ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৪। সভাপতি/সাধারণ সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন (DCAA), বেইলী রোড, ঢাকা।
০৫। সভাপতি/ সাধারণ সম্পাদক, Bangladesh Freight Forwarders Association (BAFFA), বাড়ী নং-১০, লেভেল-২/৩, রোড-১৭/এ, ব্লক-ই, বনানী, ঢাকা।
০৬। পি.এ টু কমিশনার (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) কাস্টমস হাউস, ঢাকা।

০৭.১০.২০২৬
মোঃ আল আহসান হাবীব
সহকারী কমিশনার (চ:দা:)